ওহ কথায় কথায় ভুলেই গেছি আমিও ওই গানেরই টানে " মেয়েটির নাম ছিলো নির্ভয়া "। কি অদ্ভুত নাম না বলো নাম নির্ভয়া অথচ দেখো ভয় পেয়েই তাকে মরতে হলো তোমার সাধের দেশে -ভয় পেয়েই এদের মরতে হয় সাধের দেশে। কারণ জানো খুব সস্তা দরে তোমার স্বপ্নের মাটিতে আজকাল ভয় বিক্রি হয়। তোমার স্বরের যে জাদু আজকে তো তা তারস্বরের দেশপ্রেমের আর্ট সুভাষ। যেখানে যতো বেশি চিৎকার সেখানে যে ততো বেশি গণতন্ত্রের মৃত্যু আর্তনাদ সুভাষ।
যে কোনো তারস্বরের জন্মই হয় বোধয়হয় সত্যি
টাকে চাপা দিতে নইলে দেখো কত বিশ্বাসের জন্ম হলো আবার মৃত্যুও হলো তাই বলে গোটা দেশ প্রজাপতি নিয়ে কবিতা কম লিখলো? কি অদ্ভুত দেখো কত নদী শুকিয়ে গেলো তবু কত কবিতা
শুধুমাত্র নদীতে স্নান করবে বলে প্রতিদিন নতুন নতুন পুরস্কারের লাইনে ভোর থেকে রাত অবধি দাঁড়িয়ে প্রেমিকার রঙিন রুমালে ঘাম মোছে।
বুঝলে সুভাষ কবিতাকে দায় নিতে আজকাল আর হয় না কারণ দায় নিলে দায়িত্ব বাড়ে প্রেমিকার উপহার দেওয়া কলমের কালির জুঁইফুলি গন্ধে আর সব জীবন গন্ধ বোধহয় ঢেকে যায়।
তাই মিষ্টি আলো বাসা বাঁধে শব্দের হালকা মর্নিং শরীর চর্চায়।
অথচ সুভাষ বিশ্বাস করো সবচেয়ে বেশি বিশ্বাস আমাদের ছিলো
কবিতার উপর যে কবিতায় আমরা শুনতে চেয়েছিলাম
মাটির কথা মাটি মাখার কথা।
এই মাটিকেই তো আমরা চিরকাল জেনেছি মায়ের আদর
মনে আছে সুভাষ এ মাটিকে শরীরে মেখেই সে মাটির অধিকার দিতে সেই ছেলেটি বুক উঁচিয়ে ফাঁসির দড়ি গলার মালা করে গান শুনিয়েছিল "আবার আসবো ফিরে মাটির আঁচল ঘেরা মাটি
মায়ের আদর খেতে।"
কতো স্বপ্নের রক্তের উপর বাঁধা হলো ঘর
কিন্তু সেই ছেলেটির কি হবে সুভাষ?
যার মাটি চুরি হয় নগরের কোলাহলে।

সঙ্গে সেই ছেলেটির ফাঁসিকাঠে লেগে থাকা অন্তিম কষ্টের নিঃশ্বাস?
যতই মাটির জন্য তার নিঃশ্বাস ফেলা হোক
মৃত্যুর যন্ত্রনাতো তাকে এই সান্ত্বনা দিয়েছিলো ক্ষ্মআবার আসবো মা'রে তোর শৃঙ্খলাহীন দু হাতের কোলে ক্ষ্ম।
বিশ্বাস করো সুভাষ এখন অসহ্য শৃঙ্খলা আর
সাদা চোখে ধরা দেয় না আর তাতেই বড়ো কষ্ট
আগের যে শৃঙ্খল তুমি মুক্ত করতে গোটা পৃথিবীর
শাসকের ঘুম উড়িয়ে দিয়েছিলে তাকে চেনা যেতো,
তাদের দেওয়া যন্ত্রণার পাহাড় আমরা তাই
বুক দিয়ে সয়েছি কিন্তু এখনকার শৃঙ্খল অদৃশ্য তাই সে এতো মর্মভেদি -
সেটা অন্যের হাতে যা ছিলো আমার অসম লড়াই
তা এখন নিজের সাথে নিজের লড়াই সুভাষ-
তাই প্রতিদিন নিজের হাতেই যে আজ নিজে রক্তাক্ত হই প্রতি পলে
যখন শুনি পাথর খাদানে আমার শিশু,
রাতের অন্ধকারে হারিয়ে যাওয়া আমার মেয়ে,
জাত -পাতের বোরে হিসাবে আমার আমি,
সঙ্গে নিয়ত শুনি আমার বেকার যুবক-যুবতী সন্তানের
নষ্ট কবিতা তখন তোমার মুখটা বাঁশ বাগানের
ঘোলাটে চাঁদের সঙ্গে মিশে যায়।
তন্ন তন্ন করে প্রতিটি জনারণ্যে তোমাকে খুঁজি- তোমার মুখের মাপের কবিতাকে খুঁজি।
যাকে বলে বুক হালকা করি নষ্ট মাটির নষ্ট কবিতা
যে মাটি আজ অম্বুবাচির নিষিদ্ধ সময়েও ছিঁড়েখুঁড়ে একাকার নব্য দখলদারের বিচিত্র নখের আঁচড়ে আঁচড়ে কর্ষণের বিচিত্র ভঙ্গিমায়।

মনে পড়ে সুভাষ তোমার সেই ঘরের গল্প যে ঘরকে তুমি উপন্যাস করতে চেয়ে ছেড়ে গেলে ঘর সেই ঘরের কত হাসি কান্না দুঃখের কথা সবাই মিলে এক হয়ে পণ করেছিলাম -এ ঘর আমাদের এ ঘর আমাদের দিতে হবে। তোমার স্বরেই প্রথম বাজতে শুনেছিলাম অধিকার ছিনিয়ে নেওয়ার সুর। ঘর একটা পেলাম কিন্তু সে ঘর হলো না তোমার আমার ও নয়, ঘরের মধ্যে ঢুকে রইলো সিঁধেল চোর-সাধের ঘরের চার দেওয়ালের সম্পর্কে তৈরী হলো ভাগাভাগির শীতল সামিয়ানা। অনেক শীতের দূরত্ব পার করে বসন্তের নদী পেলাম একটা যে নদীর বুকে ভেসে গেলো কতো অজানা আমার লাশ। অথচ সুভাষ আগেই তো কতো লাশ শকুন চিলেরা ছোঁ দিয়ে খেয়ে গেছে আবার লাশের পাহাড় আমার চোখাচোখি রণে। সেই চোখাচোখি রক্ত রণ আজো আমার রক্তের ভিতর আদিম অভ্যেসে জেগে থেকে আমাকে জাগায়- নিজেও জাগে মাঝে মাঝে আমার ভেতরের ক্রম অস্থিরতায়।

অথচ সুভাষ মনে পড়ে তোমার সেই প্রতিজ্ঞার দিন যেদিন আমরা সবাই একসাথে মরণ সাগর পার করবার শপথ নিয়ে বলেছিলাম মাটির চোখের জল মুছিয়ে একসাথে আমাদের মাটিতে গড়বো আমাদের মাটির ভারত। আজান আকাশে দেবতার প্রদীপ জ্বালিয়ে পড়বো গ্রন্থসাহেব মোমবাতির আলোয় পেলব হাতের স্পর্শে রক্তাক্ত যীশুর আঘাতের চিহ্নে দেবো সম্পর্কের আতর আদর।

সব ধর্মের সঙ্গে মিশিয়ে দেবো মানুষের সম্পর্কের
সেই নাম না শিহরণের সান্ধ্য সাদা ফুলের সৌরভ।

মরণ সাগর পার করেছি সুভাষ কিন্তু বেদনার কালিদহ নয়। আজো আমরা পরস্পরের মুখোমুখি নানা রঙীন দেবতার অসীম লীলায় আলাদা আলাদা সম্পর্কের বিষবাষ্প নিয়ে খেলা করে নিজেও ঘর ভাঙি সন্তানকেও ঘর ভাঙার মন্ত্র শেখায়। বুঝলে সুভাষ বরাবর আমরা দেবতাদেরই জিতিয়ে দিলাম নিজেরা কোনোদিন জেতার চেষ্টা করলাম না।তাই দেবতাদের চাতালের পাশ দিয়ে হেঁটে যাবার সময় নিজের রক্তাক্ত মৃত্যুর আঁশটে আজো আমার নাকে লাগে সুভাষ। দেবতার শরীরে ছুঁড়ে দেওয়া আমারই ধূপের গন্ধ আমার মৃত্যুর গন্ধ আজো মুছে দিতে পারেনি।

যে মাটি তোমাকে ঘর ছাড়তে বলেছিলো কর্ষণের ব্যাকরণে সে মাটি আজ ধর্ষণের অপমানে আমার সামনে বসে

কাতরায় অথচ দেখো আমি আজো আমার মশারির চারদেওয়াল থেকে বেরোতে পারি না। শুধু এক নুবজ্য বিস্ময়ে আমি নিজেকে দেখি আর আমার আমি আমাকে দেখে ছটফট করে। কাঁটা পাঁঠার মতো চতুর্দিকে আমার বিশ্বাস গুলোকে যখন যন্ত্রনা পেতে দেখি তখন তোমার মুখ বড়ো মনে পড়ে সুভাষ -তোমার হেরে যাওয়া মুখের ভেতরে আমার আমাদের হেরে যাওয়ারা খেলা করে।বুঝলে সুভাষ একটা ছড়িয়ে দেওয়া গল্পের উপসংহার আমার আজো মাথায় ঢুকলো না-

ইতিহাসকে জিজ্ঞাসা করেছি সে অর্ধস্ফুট স্বরে কি জবাব দেয় বুঝতে পারিনি, সমাজ বিজ্ঞানকে জিজ্ঞাসা করেছি চুপচাপ গতানুগতিক কাঁথা বুনে যায়, রাজনীতিকে জিজ্ঞাসা করেছি কেমন রাগী রাগী অর্ধশিক্ষিত চোখে তাকায় তাই তোমাকে জিজ্ঞাসা করা। আচ্ছা বলতো কতজন ইংরেজ আমাদের শাসন করেছে আর কতজন আমারই স্বজন আমারই লাশের উপর নৃত্য করেছে হিসাব তুমি কি জানতে? আমিও হিসাব করতে গিয়ে অঙ্কে ভুল করি। মধ্যরাতে তারাও তো পেলো স্বাধীনতা আর তাতে কি তারা রাতারাতি হটাৎ করে পাল্টে সবাই অহিংসবাদী হয়ে গেলো বাল্মীকির মতো?-অঙ্ক মেলাতে পারিনা তুমি স্বাধীনতার লড়াই জন্য হলে আন্তর্জাতিক অপরাধী আর একই লড়াই লড়ার নামে কারা যেন অপরাধের বিচার করার ভার পেলো তিনভাগ করা রুটির রক্তাক্ত শরীর গুলোর।

আমাকে তুমি বোকা ভাবো দেখি অথবা ছোটো ক্লাসে ইতিহাস পরীক্ষায় বারবার ফেল করা পরিণত ইতিহাসবিদ!

যার ডানা আছে কিন্তু ওড়বার পালক বেঁধে রাখে ভয় বেচে বেড়ে ওঠা গলির মস্তান।

তাতে সুবিধা এই মমতাজের জন্য শা- জাহানের প্রেমকাহিনী পড়ে আমি বিবাগী হতে পারবো প্রেমের কল্পিত বিরহে কিন্তু প্রশ্ন করবো না সে সময়ের সেই ইতিহাস কই?

যেখানে হরিশখুড়ো কিভাবে না খেয়ে মরে গেলো, খাদ্যভাবে পাঁচওয়াক্ত নামাজ পড়ে ঘরে ঢুকে আসমান চাচা ঘরে এসে দেখলো না খেয়ে মরে আছে তার দুই সোমত্ত ছেলে যাঁরা তাজমহল বানাতে গিয়ে বিশ্রীভাবে আহত হয়েছিলো - সবারই প্রেম আছে সবারই ইতিহাস আছে সে ইতিহাস ইতিহাস চোখে দেখলে আজ তোমাকে আমায় এই লেখা পাঠাতে হতো না, এই পোড়া দেশে ইতিহাস থেকে শিক্ষা নিয়ে গর্জন করতে শিখতো।

শিং থাকতেও মাংসশীর মাংস হতো না অন্তত শিং এর ব্যবহার কি তার প্রমান দিতে পারতো।

বুঝলে সুভাষ তোমার সাথে সাথে অধিকার অর্জন করার লড়াই হারিয়ে গেছে বেঁচে আছে যেমন তেমন করে ভিক্ষার নামে ক্ষমতায় টিকে থাকার সেইসব উত্তরাধিকারী যারা স্বাধীনতা বলতে বোঝে বিপ্লবীদের আত্মত্যাগ নয় তাঁদের বোকা বোকা আত্মহত্যা।

দেশ যারা বেঁটে নিলো দেশ যারা খাবারের রাতটেবিলে তুলে নিয়ে পরখ করতে চায় তারা এই সত্যই বিশ্বাস করে আমাদেরকেও বিশ্বাস করাতে চায় অভ্যাসগত প্রাত্যহিকতায়- নইলে ভেবে দেখো শহীদের রক্তের বিনিময়ে অপমানিত মায়ের মাটির যে শরীর ধুয়ে শুদ্ধ হয়েছিলো তার সেই মাটির আঁচলে আজো কেন শহীদের রক্ত ঝরে প্রতিদিন

আচ্ছা সুভাষ বলতে পারো স্বাধীনতার পরেও কেন অনিবার্য হলো স্বাধীনতার যুদ্ধ।

তবে কি তোমার হেরে যাওয়ার সাথে সাথে কেউ আর তোমার মতো বলতে সাহস করেনি রক্ত না দিলে স্বাধীনতা পাওয়া যায় না বা স্বাধীনতার জন্য দেওয়া রক্তের দাম স্বাধীনতার পরে আর রাখতে হবে না এই শর্তেই স্বাধীনতা ছুটে এসে লাফ দিয়ে পড়লো দুয়ারে দুয়ারে সন্ধ্যার বিপ্লবে হেরে যাওয়া পতঙ্গের মতো।

তাই কি কোটি কোটি বোকা জনতার প্রতিদিন হেরে যাওয়া জীবনের হর্ষধ্বনিতে আজো সেই সব বিপ্লবীদের তর্পন নয় শুধু থাকে শিরদাঁড়াহীন আত্মসমর্পণ - শুধু বেঁচে থাকার নাম হয়ে যায় জীবন! আচ্ছা সুভাষ তবে কি আমার মনে জন্ম নিতে পারে সেই ভয় যে ভয় আমি পরাধীন ভারতের শরীরে ঘোড়ার নালের মতো সেঁটে থাকতে দেখে প্রতিনিয়ত রাতের দুঃস্বপ্নে বেঁচে থেকেও মরতাম প্রতিদিন। জানিনা সুভাষ আগামী আর কি দেখতে বলবে।

বাপরে ! বাপ !

-রঞ্জিত কুমার বর্মন
অধ্যাপক বাংলা বিভাগ , সূর্য সেন মহাবিদ্যালয়

শিব , ও গো শুনছো ! ও বউ !

পার্বতি- কি হয়েছে ? অত ভণিতা করতে হবেক নাই। কী বলার আছে বলেই ফ্যালো না । ভোর-সকাল হলেই শুরু হয়ে যায় -ও গো শুনছো ! ও গো শুনছো ...

শিব- বলছি কী ! কালকে তো শিব চতুর্দশী খ

পার্বতি- হোক চতুর্দশী ! তাতে আমার কি ?

শিব- না, বলছিলাম আমার পরনের বাঘছালটা অনেক দিন হয়েছে পরিষ্কার করা হয়নি । একটু যদি ধুয়ে দাও।

পার্বতি- একটু ধুয়ে দাও আবার কি ? ধুয়ে দিতে গেলে তো পুরোটাই ধুয়ে দিতে হবে। কথার ছিরি ! তোমার সব কাপড়-চোপড়ই কেচে তো দেই আমি । তোমার কোন বউয়ে কাপড় কাচে শুনি ? শীত নেই গরম নেই এত্ত গুলো করে কাপড় কাচতে কাচতে জান শেষ আমার । তখন পই পই করে বললাম বাড়ি বানাতে হয় অন্য খানে বানাও । কৈলাশ মহা ঠান্ডার জায়গা ! আমার কথা শুনলে না । কে বোঝাবে তোমাকে ? এখন ঠান্ডায় মরে যাচ্ছি । কৈলাশের জল একেই যম ঠান্ডা ! এই ঠান্ডা জলে আমাকে সারাদিন কাজ করতে হয়। আমি আর পারব না- না ,না । ওয়াশিং মেশিন আনো । রান্না ঘরে গিজার বসাও । না হলে নিজের কাপড় নিজে কাচো। রান্নার মাসি রাখো।

শিব , অল্প কথায় এতো রাগো কেনো গো ? সারাবছরে একটা দিনেই তো পূজা পাই। ভক্তরা পূজা দেবে ,প্রণাম করবে। আর বাঘ ছালে ঘামের গন্ধ পেলে কেমন লাগবে তুমিই বলো ?

পার্বতি- স্বভাব ! তোমার স্বভাব তো কোনো দিন পাল্টাবেও না । আর আমার কথা কোনো দিন কানে শুনবেও না। বলি অন্য দেবতাদের দেখে শেখো ! ব্রহ্মা- বিষ্ণু- ইন্দ্র-চন্দ্র-অরুণ-বরুণ-যম ! এরা কত স্মার্ট । কত টাকা-পয়সা; ধন-দৌলত; প্রভাব-প্রতিপত্তি ! আর তোমার ? তোমার থাকার মধ্যে একটা বুড়া ষাঁড় ! মান্ধাতার আমলের বাঘের ছাল ! জং ধরা ত্রিশূল ! তালিমারা ডমরু ! গলায় সারাক্ষণ ঝুলছে একটা সাপ ! কোমরে মোষের শিংয়ের বাঁশি ! হায় ! হায় ! কী আকার ? কী বেশভূষা ? মাথায় জটা ,গায়ে না দেয় সাবান , না মাখে ক্রিম ! না মাখে কস্মিঙ্কালে লোসন ! কী সাজে বিয়ে করতে গিয়েছিল; ভুত- প্রেত দানো নিয়ে ! উ অসহ্য ! সব মনে আছে সব ! আমি নিজেই জানি না কী সুখে এতটাকাল তোমার সঙ্গে ঘর করলাম ? না আছে চাল না আছে চুলো ! ধ্যাৎ আর ভাল লাগে না ...আর পারি না ...

শিব, শোনো বউ শোনো ! ধন দৌলত টাকা পয়সা দিয়ে কি হবে শুনি ? আমার যা আছে তা ইন্দ্র-চন্দ্র-ব্রহ্মা-বিষ্ণু কোনো সুপার সেলিব্রিটি দেবতাদেরও নেই । এই গাঁজার কথাই ধর ! আমার এই কল্কেতে আচ্ছা করে দুটো টান মারুক দেখি ইন্দ্র- চন্দ্র-ব্রহ্মা-বিষ্ণু ? ওদের ইন্দ্রিয় উল্টে যাবে ! চোখে সরষে ফুল দেখবে ! আর ওরা যে সুরা পান করে ওটা আমার কাছে বেলের সরবতের মতো। না হয় নেশা, তাতে না আসে এনার্জি ! অস্ত্রের কথা ধরলে, বলতে চাই না নিজের মুখে । তবুও বলি । আমার ত্রিশুল ছাড়া মহিষাসুরকে তোমার সাধ্যি ছিল বধ করা ? লোকে বিষ্ণুর চক্রের তারিফ করে ! হা- হা- হা ! মর্ত্যলোকে বিষ্ণুর চক্র দিয়ে লোকে এখন সাইকেলের গিয়ার বানায় ! ইন্দ্রের বজ্র ! ফালতু ! তার আর এখন তেজ নাই ! আর্থিংয়ে কুপোকাত ! কিন্তু মাই ত্রিশুল ইজ ত্রিশূল ! আরো শুনবে ?

পার্বতি- ওদের রথ-হাতি ঘোড়া, বহু মূল্যের অলংকার আছে ! কী নেই ওদের বল ? সোসাইটিতে এলিট বলে সুনাম আছে ওদের। অহংকার করার মতো ওদের স্ট্যাটাস্ আছে । তোমার কী আছে শুনি ? ওরা তোমার মতো ভ্যাবলাকান্ত নয় ! বুঝলে !

শিব , স্ট্যাটাস্ ধুয়ে জল খাক্ । আমার কোনো কিছু না থাকাটাই স্ট্যাটাস্ বুঝলে ! বলতে চাই না ! তুললেই যখন কথা বলতেই হয়, আমার আর ওদের বডি ফিটনেস দেখ ! বডি ফিটনেস ? হ্যা-হ্যা বাবা ! আমার একটা কুংফু ক্যারাটে মার খেলে ইন্দ্র-চন্দ্র আই সি ইউ তে ভর্তি হবে। নিজের কথা নিজে বলা লজ্জার, মানায় না ,আর আমি বলতে

চাইও না ! কথা উঠল তাই বললাম ! এই আর কী ! বলি বলবান পুরুষ দেবতা আমার তুল্য দ্বিতীয়টি কেউ আছে দেবলোকে ? নাই ! খুঁজে পাবে না ! স্বর্গ-মর্ত্য-পাতাল তিনলোকে তাই আমি সুপুরুষ দেবতা ! আমি মর্ত্যলোকে লিঙ্গরূপে পূজিত হই কেনো সেটা সবাই জানে তুমিও জানো।

পার্বতি- ছি ! ছি ! একথা নিজে মুখে বলতে পারলে ?

শিব- ছি ! ছি ! বল আর হি-হি-ই বল ! এটা চিরন্তন সত্য ! এই বিশ্ব চরাচর সৃষ্টির মূলে রয়েছে সেই যৌবন-শক্তি । আমি সেই শক্তির আধার !

পার্বতি- তুমি তোমার চেহারা নিয়েই থাকো ! শরীর ধুয়েই জল খাও ! দুনিয়াটা এখন টাকা-পয়সার । ক্ষমতা-প্রতিপত্তির ! সেটা বোঝার মতো ক্ষমতা তো তোমার নেই !

শিব-ধুৎ তোর টাকা-পয়সা ! টাকা-পয়সা ছাড়া জীবন অচল মানি ! কিন্তু টাকা পয়সা ছাড়াও সুখে থাকা যায় ! ছেলে মেয়েদের ব্রাইট কেরিয়ার তৈরি করা যায় । আমি জাতে মাতাল-গাঁজাখোর হলেও সব বুঝি । বুঝি বলেই তো তালে ঠিক ! তুমি ভুলে যেয়ো না, আমার ছেলে-মেয়েরা প্রত্যেকেই হাই প্রোফাইলের ! গ্রেট পার্সোনালিটির ! তোমার , মিস্টার কার্তিক ! হি ইস অ্যা চিফ কমান্ডান্ট অফ দ্য দেব-আর্মি। গণেশ, দেবতাদের প্রেসিডেন্ট; লক্ষ্মী ফিনান্স কমিটির চেয়ার পার্সন ! সরস্বতী, জাতীয় শিক্ষা কমিশনের ডিরেক্টর !আর কতো চাই ? আর তোমার কি চাই ? চার-চারটি সেলিব্রিটি ছেলে-মেয়ের মা তুমি ! ব্রাভো !

পার্বতি ,হু ! বলার বেলায় এক নিঃশ্বাসে বলা যায়। ছেলে পুলে মানুষ করার বেলায় তো তোমার টিকিরও দেখা পাওয়া যায় নি ! তখন তো নেশা করে মরদ রাস্তায় ঘাটে পড়ে ছিলে ? যত ঝক্কি-ঝামলা গেছে সেটা আমার উপর দিয়ে বুঝলে ! শুধু আমার উপর দিয়ে ! লোকে সাধে তো আর বলে না, 'মাও গুণে ছাও কুলা গুণে বাও' !

শিব- ঠিক ! ঠিক ! এটা শোনো নাই, 'যে হয় বাপ ! তার ১৮ রকমের চাপ !হাজার রকমের পাপ' ! চাপের কারণেই নেশা খাই ! কিন্তু, নেশা করি আর গাঁজাই খাই ! তালটা ঠিক রাখি । ভিক্ষা করে হলেও সংসারের হাল ধরেছি ! চার চারটা ছেলে-মেয়ের পড়াশুনার খরচ কিন্তু আমিই জোগার করেছি ! আমি !এই আমি ! আমার কোনো গুণ না থাকুক একটা গুণ তো আছে !

পার্বতি- আহারে ! কী গুণধর !

শিব- পছন্দ গুণ ! কথায় কথায় বল আমি নাকি পছন্দ করতে পারি না ? আমি বলি আমার পছন্দের তুলনাই হয় না !

পার্বতি- হু ! তোমার আবার পছন্দ ? লোকে হাসবে !

শিব , হাসুক ! আমার পছন্দ ! সেরার সেরা সবার সেরা বিশ্বসেরা পছন্দ ! তোমার মতো জগৎ সুন্দরীকে যে পছন্দ করে, তাকে তুমি কী বলবে ? আমার বুড়া ষাঁড় বাহন হলেও পশুরাজ সিংহকে তোমাকে বাহন হিসেবে গিফট্ দিয়েছি ! কম কথা ? লোকে দুই হাতে বউকে গয়না দিতেই ফতুর হয়ে যায় ! আমি তোমাকে দশ হাতে সোনার গয়না দিয়েছি ! কম কথা ? হাতের ৫০ টা আঙ্গুলে কম করে হলেও ১০০ টা সোনা-রুপা-হীরের আংটি আছে ! কম কথা ? আর আমার একটা বাঘ ছাল কেচে দিতে এত বিরক্তি, এত কথা ? আমার বাঘ ছাল কেচে কাজ নাই তোমার ! ভোলা বাবার চাপ কাকে বোঝাব ? আর কেই বা বুঝবে ?

শিব- এই নন্দি ! এই নন্দি !

নন্দি- ডাকলে বাবা ?

শিব- হ্যাঁ ! তাড়াতাড়ি যা শপিং মল থেকে 'ফগ' কোম্পানির একটা বডি স্প্রে কিনে আন জলদি ! এক্সপেরি ডেট দেখে নিস কিন্তু !

নন্দি- সে দেখে নেব কিন্তু ক্যাশ টাকা শেষ যে ? কালকে ফ্লিপ কার্ডের ডেলিভারি ছিল, বিল মেটাতে সব ক্যাশ শেষ।

শিব- কী এত অর্ডার ছিল ?

নন্দি- ৭০ টা হাতের আর ৩০টা পায়ের আঙ্গুলের জন্য- এক ডজন নেল পালিশের !

শিব- বাপরে ! বাপ !

রাজনীতি

-অমিত সরকার
বাণিজ্য বিভাগ, তৃতীয় সেমিস্টার
ক্রমিক নং -21CM0072

রাম চেয়ারে বসে আছে। তার হাতে একটি সংবাদপত্র।
রামের বাবা দরজা দিয়ে প্রবেশ করল।
রামের বাবা একটি স্যুট পরে ছিল। তিনি সেই স্যুটটি খুলতে খুলতে রামের দিকে তাকিয়ে -

রামের বাবা , কিরে সব ঠিক আছে ত ?এতো গম্ভীর হয়ে সংবাদপত্র পরছিস যে ।
রাম তার বাবার দিকে না তাকিয়ে সংবাদপত্রর দিকে তাকিয়ে গম্ভীর স্বরে
রাম , বাবা তোমার সাথে কিছু কথা ছিল ।
রামের বাবা রামের দিকে তাকিয়ে পরনের স্যুটটি হাতে নিয়ে -
রামের বাবা , তো কি কথা বল ।
রাম , বাবা তুমি বসো আমার সামনে ।
রামের বাবা হাতের স্যুটটি সোফায় রেখে রান্না ঘরের দিকে তাকিয়ে -
রামের বাবা , এই শুনছো আমার জন্য এক কাপ চা নিয়ে আসতো ।
রান্না ঘর থেকে আওয়াজ এলো রামের মায়ের
রামের মা , হ্যাঁ আনছি ।
রামের বাবা সোফায় বসে পড়ল ।
রাম ও তার বাবা একে অপরের মুখোমুখি বসে আছে।
রাম সংবাদপত্রটি তার সামনে রাখল টেবিলের উপরে ।
গু রাম প্রচণ্ড গম্ভীর হয়েগ্ল
রাম , বাবা তোমার মনে আছে আমি কয়েক দিন আগে একটা ঞ্টব্ধ(ঋঞ্জ্ঞ্চ্ক্টব্ধ্ঞ্খ্ক করেছিলাম সেখানে কী বলে ছিলাম ।
রামের বাবা , অনেক কিছুইতো বলিস। সবকিছু তো আর মনে রাখা সম্ভব নয়। তো কী বলেছিলি বল শুনি আরেক বার ।
রাম , এই একসপ্তাহ আগে একটা ঞ্টব্ধ(ঋঞ্জ্ঞ্চ্ক্টব্ধ্ঞ্খ্কএ বলে ছিলাম । আমরা দেশের সরকার , দশের সরকার । আমরা দেশের জন্য লড়াই করি , সাধারণ মানুষের জন্য লড়াই করি । অন্যায় হতে দেবনা আর অন্যায়কে প্রশ্রয় ও দেবনা । কিন্তু আজ , বালিপাচার কাণ্ডের মূল অভিযুক্তে সবার প্রথমে তোমার নাম । আজ আমি তোমার জন্য লজ্জায় বাড়ি থেকে বাইরে বেরতে পারছিনা । সবাই একটাই কথা বলছে , ছেলে এতো বড়ো বাতেলা মারে দেশের সরকার , দশের সরকার আর এখন তার বাবাই বালিপাচার কাণ্ডের মূল অভিযুক্ত । লোকে এইসব বলে আমাকে নিয়ে খিল্লি করে । আমার উপর হাসাহাসি করে । বাইরে যেতে পারছিনা তোমার জন্য মুখ দেখাতে পারছিনা কারো সামনে । ছিঃ আজ আমার নিজেরি লজ্জা লাগে যে আমি একটা চোরের ঘরে জন্মেছি ।
রামের বাবার চোখ পুরো লাল হয়ে গেছে , চোখে সেই রাগ ও আগুন ।
রামের বাবা রামের কথা শুনে হাততালি দিতে দিতে ও ঘাড় নাড়াতে নাড়াতে -
রামের বাবা , বা ---- ----- বা ------
চমৎকার , অসাধারন । আমি আজ বেঁচেছিলাম শুধু এই দিনটা দেখার জন্য ।
আমি বলেছিলাম , আমি বলেছিলাম যে ভালোমতো পড়াশোনা কর, একটা চাকরি বাকরি কর , কিম্বা যেকোনো একটা ঙ্কড্ড(জ্জঙ্ক্ষ্ব(কর । কিন্তু না , উনি তো করবেন রাজনীতি । আজ আমার ছেলেই আমাকে বলছে চোর ।

তবে কানখুলে শুনে রাখ একটা কথা , আজ তুই যে বড়ো হয়েছিস, পড়াশুনা শিখেছিস , এতো বড়ো বাড়িতে থাকছিস , এতো দামি বিলাসবহুল গাড়িতে চড়ছিস সব কিন্তু এই চোরের টাকাতেই কেনা। এটা ভুলে যাস না । আজ চুরি করি বলেই এইসব করতে পেরেছি । না হলে এই সামান্য মাসিক বেতনে না দুই বেলার খাবারটুকুও জোটেনা ।

রামের মা হাতে করে দুই কাঁপ চা নিয়ে এলো । একটি রামের বাবার সামনে রাখল ও একটি রামের সামনে রাখল।

রামের মা , হয়েছে এখন বন্ধ করো তোমাদের এই সব রাজনৈতিক আলোচনা ।

ওরামের মা রামের দিকে তাকিয়েও

রামের মা , আর তুই ও পারিস। দেখলি লোকটা সবেমাত্র এলো এতো পরিশ্রম করে । এখন এইসব কথা না তুললেই নয় ।

রাম রাগের মাথায় চায়ের কাপটা ধাক্কা দিয়ে ফেলে দিয়ে-

রাম , খাব না এই চুরির টাকার চা , থাকব না এই চোরের বাড়িতে ।

রাম রাগ করে চলে গেল উপরের ঘরের দিকে।

রামের মা রামের পেছন পেছন-'বাবু , বাবু , শোন'

রামের বাবা চা না খেয়ে সোফা থেকে উঠে দাঁড়াল । সোফার মধ্যে রাখা ছিল তার সেই স্যুট । সেই স্যুট হাতে নিয়ে-

রামের বাবা , যা , যা , কোথায় যাবি চলে যা । দূর হ আমার চোখের সামনে থেকে , আর আসিস না এই বাড়িতে।

রামের মা রামের বাবার সামনে এসে -

রামের মা , আজ যদি তুমি ছেলেটাকে নিজের দলে নিয়ে নিতে তাহলে আর এই দিনটা দেখতে হত না ।

রামের বাবা , নিজের দলে নিয়ে নিতে মানে ?

আমি কি চেয়ে ছিলাম যে ও রাজনীতিতে আসুক। ভেবেছিলাম যে আমার ছেলে মানুষ হবে, একটা ভালো চাকরি করবে । কিন্তু ও তো রাজনীতিতে আসবে, নেতার ছেলে নেতাই হবে । যেই আমার দলে নেই নি, চলে গেল অন্য দলে । আর আজ তারই এই পরিণাম ।

রাম উপর থেকে একটা বড়ো ব্যাগ হাতে করে নিয়ে দরজা দিয়ে বের হয়ে যাচ্ছে ।

ওরামের মা রামকে আটকানোর চেষ্টা করছেও

রামের মা , বাবু , বাবু , শোন , আমার একটা কথা শোন -------।

রাম , না মা আমি আর থাকব না এই বাড়িতে আমি চলে যাচ্ছি , তুমি ভালো থেকো ।

রাম দরজা দিয়ে বের হয়ে গেল ।

রামের বাবা দরজা দিয়ে বের হয়ে যাচ্ছে ।

রামের বাবা , যাদের জন্য চুরি করি তারাই বলে চোর । পাপের ভাগ যদি কেউ না নেয় তাহলে আমি শুধু একা পাপ করতে যাব কেন ?

রামের বাবা দরজা দিয়ে বের হয়ে যাচ্ছে ।

রামের মা , তুমি আবার কোথায় যাচ্ছ ?

রামের বাবা , মরতে যাচ্ছি মরতে । আজ আমি বুঝতে পারলাম সেইদিন রত্নাকরের মনে কেমন আঘাত লেগেছিল ।

রাম ও রামের বাবা দুজনেই বাড়ি থেকে চলে গেল । তাদের চা টেবিলের উপর ওই ভাবেই পরে রইল ।

রামের মা দরজায় বসে কান্না করছে ।

এমন সময় দেখা গেল ত্বথদ্বত্রস্থ টা ধীরে ধীরেষ্টে.) এর দিক থেকে ধীরে ধীরে সরে যাচ্ছে ।

আমরা দেখতে পাই রাম ও তার প্রতিবেশী এক ভাই দুজনে মিলেষ্টে.) দেখছে। অর্থাৎ আগে যা কিছু ঘটে গেল তা সবকিছুই রাম ও তার প্রতিবেশী ভাইষ্ট.) তে দেখছিল।

রাম ও তার প্রতিবেশী ভাই দুজনে সোফায় বসে। তাদের সামনে দুই কাপ চা রাখা আছে ।

প্রতিবেশী ভাই - বাঃ তুমিতো একজন দারুণ আভিনেতা ।

রাম মুচকি হাসে ।
প্রতিবেশী ভাই , তুমি আভিনেতো ভালো । তাহলে এখন আর এরকম দ্বন্দ্ব তৈরি করোনা কেন ?
রাম , বয়সের সাথে সাথে মানুষের সব কিছু পরিবর্তন হয় । তখন ছিলাম বাবার ছেলে , আর এখন হয়েছি ছেলের বাবা । এসেছে সংসারের অনেক চাপ । আর এই ব্যস্ততার মাঝে আর পারিনা এই সব করতে । আগে ছড়া লেখা , গান , বাজনা , short film কত কিছু করতাম। এখন আর সময় হয়না ।
প্রতিবেশী ভাই , তুমি ছড়াও লিখতে নাকি ?
রাম , হ্যাঁ লিখতাম তো ।
প্রতিবেশী ভাই , একটা ছড়া শোনাও তো ।
রাম , শাসক বদলে , শাসন বদলে
বদলে দেশের হাল ।
শাসক বদলে , শাসন বদলে
বদলে দেশের হাল ।
শিক্ষিতরা বেকার কেন ? স্বাস্থ্যের অবস্থা বেহাল । স্বাস্থ্য গেছে , শিক্ষা গেছে , গেছে অর্থনীতি
স্বাস্থ্য গেছে , শিক্ষা গেছে , গেছে অর্থনীতি
মানুষে মানুষে মার- দাঙ্গা
এতো নেতাদেরই কূটনীতি ।
প্রতিবেশী ভাই , বা ---- ,বা ----- দারুন অসাধারণ ।
প্রতিবেশী ভাইয়ের ফোন বেজে উঠল। সে তার পকেট থেকে ফোন বের করে -
প্রতিবেশী ভাই , হ্যাঁ মা বল ----- । হ্যাঁ আসছি দুই মিনিট ।
প্রতিবেশী ভাই , বাড়ি থেকে ফোন করেছে যেতে হবে ।
প্রতিবেশী ভাই সোফা থেকে উঠে দাঁড়িয়ে
প্রতিবেশী ভাই , যাই বল দাদা এবারের কালীপূজোয় কিন্তু নাটকে রামের চরিত্র তোমাকেই করতে হবে ।
ওরাম মুচকি হেসে গ্ল
রাম , ঠিক আছে যা সময় আসলে দেখা যাবে ।
প্রতিবেশী ভাই , ঠিক আছে দাদা তাহলে আমি আসি ।
রাম , ঠিক আছে আয় ।
রাম চায়ের কাপ হাতে নিয়ে শান্তি মতো চা খাচ্ছে ।
অমন সময় একটা ছোট বাচ্চার কান্নার আওয়াজ পাওয়া যায় ।
রামের স্ত্রী রান্ন ঘর থেকে-
রামের স্ত্রী , এই দেখতো বাবু মনে হয় ঘুম থেকে উঠে গেছে
রাম তাড়াতাড়ি চা টাকে শেষ করে
রাম , হ্যাঁ যাচ্ছি ।
রাম চায়ের কাপটাকে টেবিলের উপর রেখে চলে গেল ।

ছুটির দিনগুলি

জয়শ্রী রায়
কলা বিভাগ, তৃতীয় সেমিস্টার

আজ মনটা খুব খারাপ এই ছুটির দিনে। ছোটবেলার কথা হঠাৎই মনে পড়ে গেল। ছুটির দিনগুলিতে চোখের সামনে ভেসে ওঠে মামার বাড়ি, মনকে উতোলা করে তোলে আর কত নিশি আনন্দ হইচই কত রকমের খেলা - জোর পুতুলের বিয়ে, লুকোচুরি, রান্না বাটি , ডাঙ্গলি আরো কত কি... ?

হায়রে সেইসব দিনগুলি আজ গেল কোথায় .. ?

একবার তো ডাংগুলি খেলতে গিয়ে এক মহাবিপদ । আমি ডাঙ্গলির গুলিটা ছাড়তে গিয়ে অসাবধানতাবশত দাদুর মাথায় ছড়িয়েছিলাম । দাদু উ বলে উঠতে দেখি দাদুর মাথা থেকে রক্ত ঝরছে ।

দাদু বললো 'এই কে রে.. ?'

পিছন থেকে একটা মেয়ে বলে উঠল দাদু জবা। আমি তখন বিস্মিত হয়ে দাদুর দিকে চেয়ে আছি । এই বুঝি দাদু আমাকে মারবে এই বুঝি মারবে। কিন্তু মারেনি, একটু ধমক দিয়ে বলেছিল ' দেখতে পাওনা আমি আছি তো.. ! ।

সেই কথাটা আজও আমার মনের কোণে উঁকি মারে ! মনকে ভারাক্রান্ত করে তোলে । এইভাবে আজ বিকেলটা গেলেও এবার ফেরার পালা রাত। একটু যদি বই থেকে এদিক ওদিক করেছি তবেই মুশকিল। তবে রাতে শোবার সময় দাদু ,দিদার কাছ থেকে শোনা কত না সেই রূপকথার জগতের গল্প । মৎস্যকন্যা, জলপরীদের গল্প শুনতে শুনতে আমি প্রায় ঘুমিয়ে পড়তাম , আর সকাল হলেই শোনা যেত মসজিদে মসজিদে আজানের ধ্বনি , মন্দিরে মন্দিরে পুজোর ঘণ্টার শব্দ। ওই দূরে রাখাল ছেলে বাজায় যে বাঁশি ,পাখিদের ডাক আর হাঁসের প্যাক প্যাক শব্দ। তবে আমার মামার বাড়িটা ছিল তিস্তা নদীর ধারে । তাই বেশিরভাগ সময় আমার নদীতে কাটতো , আমি পাথরের ঢিবির উপর বসে নদীর ঢেউগুলা গুনতাম । কখনো কখনো আবার মাঝি মামারা আমাকে নৌকায় করে একটু নদীতে ঘুরিয়ে নিয়ে আসতেন। আর বাড়ি ফেরার সময় দিদার কাছ থেকে যদিও একটু গালি খেতাম , তবে দিদার গাল ভরা হাসিটা সব সময় পেতাম। এই ছিল আমার ছুটির দিনগুলোর কথা। লিখতে লিখতে বেলা গড়িয়ে সন্ধ্যা নেমে এলো । পুকুর থেকে হাঁসের দল বাড়ির দিকে যাচ্ছে , পাখিরাও ফিরছে বাসায়। আমাকেও এবার বাড়ি ফিরতে হবে । অতএব লেখা এখানেই শেষ করলাম।

মূল্য

বিবেক কুমার পাল
কলা বিভাগ, পঞ্চম সেমিস্টার
ক্রমিক নং - 21AG1444

(১)

-"মা তোমায় কতবার না বলেছি এই এক ডাল-ভাত রোজ রোজ খেতে আমার একদম ভাল লাগে না। আর তাছাড়া বাবা আমায় টাকাতো দেয় খরচ করার জন্যে,আমি তাই দিয়েই কাল থেকে বাইরে খেয়ে আসব। তোমায় আর আমার জন্যে রান্না করতে হবে না"।-বলে ঝাঁঝের সাথে খাবারের টেবিল ছেড়ে উঠে পড়ে তনয়।

তনয়ের মা সুমিত্রা দেবী তখন রান্না ঘরে কিছু কাজ করছিলেন। ছেলের চ্যাঁচামেচিতে বাইরে এসে দাঁড়ান এবং ছেলেকে উদ্দেশ্য করে বলেন,

-"বাবু,তুই তো জানিস আমার শরীরটা কিছুদিন ধরে ভালো নেই,আর রান্নার মাসিও কয়েকদিন ধরে আসছে না তাই ওই রান্না করেছি"।

এই কথা শুনে তনয়ের মাথা আরও গরম হয়ে গেল এবং বলে উঠলো,

-"কেন? রান্নার মাসি আসছে না কেন?"

_"ওর-ও শরীরটা কিছুদিন ধরে ভাল নেই,ডেঙ্গু হয়েছে ফোন করে বলেছিল।"-জানান সুমিত্রা দেবী।

-"শরীর ভালো নেই! ফাঁকিবাজ সব, দেখো ঠিক কাজ কামাই দিয়ে কোথাও ঘুরে বেড়াচ্ছে। ইচ্ছে করে ঘাড় ধাক্কা দিয়ে কাজ থেকে তাড়িয়ে দিই, তাহলেই বুঝবে মজা"। তাচ্ছিল্যের সাথে বলে তনয়।

-"বাবু,তোমায় কতো বার বলেছি না গুরুজনদের নিয়ে তুমি এরকম কথা বলবে না। বড়দের সম্মান দিয়ে কথা বলবে সবসময়"- গম্ভীর গলায় বলেন সুমিত্রা দেবী।

এই কথা শুনে আর কোন কথা না বাড়িয়ে নিজের ঘরে গিয়ে বাইকের চাবি নিয়ে ঝড়ের গতিতে বাইরে বেরিয়ে গেলো তনয়।

সুমিত্রা দেবী ছেলে বেরিয়ে যেতে খাবারের টেবিলের কাছে এসে দেখলেন তনয় একটি ভাতের দানাও দাঁতে কাটেনি। থালায় ভাত, ডাল, সব্জি সেভাবেই রাখা আছে। ভাতের থালাটি নিয়ে তিনি রান্না ঘরে রেখে সোফায় এসে বসলেন। মুখ থেকে একটি দীর্ঘশ্বাস ছেড়ে তিনি ভাবতে লাগলেন,

পঁচিশ বছর আগে বিয়ে হয়ে এই সেন বাড়িতে এসেছেন তিনি। উনার বাবার বাড়ি ছিল মধ্যবিত্ত কিন্তু উনার শ্বশুরবাড়ি সেই তুলনায় যথেষ্ট বিত্তবান,শহরের সকলে এক ডাকে চেনে তাদেরকে। উনার স্বামী অর্থাৎ তনয়ের বাবা অমলেন্দু বাবু একজন নামী স্বর্ণ ব্যাবসায়ী। বিয়ে করে যখন সুমিত্রা দেবী এ বাড়িতে আসেন তখন উনার শাশুড়ি জীবিত ছিলেন। গত হয়েছেন বছর খানেক আগে,আর শ্বশুর মশাই তাদের বিয়ের আগেই গত হয়েছিলেন। বিয়ের দুবছর পর তনয়ের জন্ম হয়। ছোটবেলা থেকেই তনয় বাবা আর ঠাকুমার বড় প্রিয়,চোখে হারায় তারা তনয়কে। এর যেমন ভালো দিক ছিল তেমনি খারাপ দিকও ছিল। তারা তনয়কে এতটা স্নেহ করার কারণে কোনোদিন তার অন্যায় কাজে বাঁধা দেননি,শাসন করেননি আর সুমিত্রা দেবীকেও করতে দেননি। যখন যা চেয়েছে তা এনে দিয়েছে। সুমিত্রা দেবীর কোন বাঁধাতেই কোন কাজ হয়নি। যার ফল স্বরূপ তনয় হয়ে উঠেছে জেদি,অবাধ্য,অভদ্র। সারাদিন বন্ধুদের সাথে বাইকে করে ঘুরে বেড়ানো, কলেজ কামাই করা,বাবার কাছ থেকে টাকা নিয়ে দেদার বাজে খরচ করা,সকলকে অপমান করা তার নিত্যদিনের অভ্যাস হয়ে দাঁড়িয়েছে। সুমিত্রা দেবী অনেক চেষ্টা করেছেন ছেলেকে শুধরানোর কিন্তু কোন ফল হয়নি। এক সময় এসব ভাবতে ভাবতেই সোফায় গাঁ এলিয়ে ঘুমিয়ে পড়লেন তিনি।

ঘুম ভাঙল সন্ধ্যে নাগাদ। ঘুম থকে উঠে ঠাকুর ঘরে সন্ধ্যে দিয়ে রান্নাঘরে এসে রান্না বসালেন তিনি। বানালেন তনয়ের পছন্দের চিকেন বিরিয়ানি। রাত এগারোটার পরে বাড়ি এসে ঢুকল তনয়। সুমিত্রা দেবী সোফায় বসে তার জন্য অপেক্ষা করছিলেন। তনয় বাড়ির ভেতর ঢুকতেই সোফায় মাকে দেখতে পেয়ে বলে উঠলো,

-তআমি বাইরে বন্ধুদের সাথে খেয়ে এসেছি,রাতে কিছু খাব নাদ।

-তকিন্তু আমি যে তোর পছন্দের বিরিয়ানি বানিয়েছি।একটু খেয়ে দেখদ।

-ততোমায় তো বললাম আমি খেয়ে এসেছি,আর আমি তো তোমায় বলিনি বিরিয়ানি বানাতে। তাই আর জোর কোরো নাদ।-বলে সে নিজের ঘরে ঢুকে দরজা ভেতর থেকে বন্ধ করে দিল।

সুমিত্রা দেবী ছেলের এই ব্যাবহারে হাত দিয়ে মুখ ঢেকে কাঁদতে লাগলেন। আর নিজের মনে বলতে লাগলেন,

ত-হাঁ ঈশ্বর,এই ছেলে কি মানুষের ভালোবাসা, সময়, সম্মানের মূল্য কোনদিন বুঝবে না ?দ

(২)

পরের দিন ঘুম থেকে উঠে কলেজ যাওয়ার জন্য তৈরি হয়ে ঘর থেকে বাইরে এসে দেখে মাকে দেখতে পেল না তনয়। গতকালের ঘটনায় মায়ের ওপর তার অভিমান জমেই ছিল তাই আর সেদিকে তেমন গুরুত্ব না দিয়ে কলেজ চলে গেল সে।

বিকেল নাগাদ বাড়ি ফিরল তনয়, কিন্তু বাড়ি ফিরেই সে দেখতে পেল বাইরের গেটে তালা ঝুলছে। সে ভাবলো মা বোধহয় বাজারে গেছে কিছু কেনা-কাটা করতে। তার কাছে বাড়ির অতিরিক্ত একটা চাবি সব সময় থাকতো। সেটা দিয়েই তালা খুলে বাড়ির ভেতরে ঢুকল সে।

ভেতরে ঢুকে নিজের ঘরে যাওয়ার সময় সোফার সামনে রাখা টি-টেবিলে একটি কাগজ নজরে পড়ল তনয়ের। তার সেটা দেখে একটি চিঠি বলে মনে হল,তাই সে এগিয়ে গেল কাগজটিকে দেখার জন্য। কাগজটি খুলতেই তার অনুমানই সঠিক বলে প্রমানিত হল, চিঠিটি সুমিত্রা দেবী লিখেছেন তনয়কে উদ্দেশ্য করে। তাতে লেখা আছে,

তআদরের তনয়,

আজ সকালে তোমার মামা বাড়ি থেকে ফোন এসেছিল, দাদুর শরীর খুব অসুস্থ। তাই আমি তোমার দাদুকে দেখতে মামা বাড়ি যাচ্ছি। তোমায় ফোন করেছিলাম জানানোর জন্য কিন্তু তুমি মনে হয় গতকালের ঘটনায় এখনো রেগে আছ। তাই ফোন তোলনি। যাইহোক, আমি তাড়াতাড়ি ফিরে আসার চেষ্টা করব, তোমার কাছে নিশ্চয়ই টাকা আছে সেটা দিয়ে তোমার যা ইচ্ছে কিনে খেয়ো, আর সাবধানে থেকোদ।

চিঠিটি পড়ে সোফার ওপর বসলো তনয়। ভাবতে লাগলো বাবা ব্যাবসার কাজে বাইরে গেছে,মা বাড়ি নেই। আজ পুরো রাত বন্ধুদের সাথে বাইরে কাটাবে। তাই সে তার বন্ধুদের ফোন করার জন্য প্যান্টের পকেটে হাত দিলো। কিন্তু তখনই তার মনে পড়ল আজ কলেজে তার হাত থেকে ফোন পড়ে ভেঙ্গে গেছে। সুতরাং তার আর ফোন করার কোন উপায় নেই এবং এর মানে সে ফোন থেকে খাবার অর্ডারও করে খেতে পারবে না আর সে অনলাইন পেমেন্টও করতে পারবে না।

কিছুক্ষণ বসে থাকার পর সে ঠিক করলো বাইক নিয়ে বন্ধুর বাড়ি গিয়ে আজ রাতটা তার বাড়িতেই কাটিয়ে দেবে। সেইমতো সে তৈরি হয়ে বাড়ির বাইরে বেরিয়ে বাইকের কাছে এলো এবং যেই সে বাইকে বসতে যাবে লক্ষ্য করলো বাইকে পেট্রোল নেই। বন্ধুর বাড়ি এখান থেকে আধ ঘণ্টার রাস্তা। রাগে তার মাথায় আগুন জ্বলে উঠলো। সে আবার বাড়িতে ঢুকে নিজের ঘরে গিয়ে শুয়ে পড়লো। এভাবে বেশ কিছুটা সময় কেটে গেল। আচমকা তার পেট খিদেতে মোচড় দিয়ে উঠলো, সে বিছানার ছেড়ে উঠে রান্নাঘরে এল কিছু খাবার রাখা আছে কি না দেখতে। কিন্তু শুধু জ্যাম আর একটা অর্ধেক বাসি রুটি ছাড়া সে কিছুই দেখতে পেল না।

সে একটা প্লেটে করে সেই রুটিতে অল্প জ্যাম লাগিয়ে খেতে বসলো। খেতে খেতে তার আজ প্রথম তার মায়ের হাতের ডাল-ভাতের কথা মনে পড়লো। তার মনে হতে লাগলো যেই রান্নাকে সে কাল তুচ্ছতাছিল্য করে ছিল,এখন সেই রান্নাই যেন তার কাছ থেকে প্রতিশোধ নিচ্ছে। সে তাড়াতাড়ি সেই খাবার কোনমতে শেষ করে ঘুমতে চলে গেল।

পরের দিন বেশ বেলা করে ঘুম ভাঙ্গল তার। ঘড়ির দিকে তাকিয়ে দেখতে পেল সকাল এগারোটা বাজে। আজ রবিবার হওয়ায় কলেজ ছুটি,তাই কোথাও যাওয়ার তারা ছিল না। সে ধীরেসুস্থে তৈরি হয়ে বাইরের ঘরে এসে সোফায় বসলো। খিদেতে তার পেট আবার মোচর দিচ্ছিল কিন্তু কি করবে বুঝতে পারছিল না। উঠে রান্না ঘরে গেল এবং ফ্রিজ খুলল, সেখানে কিছু সবজি ছাড়া আর কিছুই ছিল না। সে হতাশ হয়ে আবার সোফায় এসে বসলো।

সে রাতে তার মানিব্যাগ দেখেছে, সেখানে পরশু রাতে বন্ধুদের সাথে খাবার পর আর এক টাকাও নেই। তার

ডেবিট আর ক্রেডিট কার্ডও গত সপ্তাহে এক্সপাইরি হয়ে গেছে ,মা-ও বাড়িতে কোন টাকা পয়সা রেখে যায়নি সুতরাং তার টাকা খরচ করার কোন উপায় নেই।

এখন কী করবে এটাই যখন সে ভাবছিল তখন তার বাড়ির কলিং বেল বেজে উঠলো। সে উঠে দরজা খুলেতেই দেখতে পেলো তাদের বাড়ির রান্নার মাসি দাড়িয়ে আছে। সে তনয়কে দেখতে পেয়ে বলে উঠল,

-জাদাবাবু,বৌদি আছে ?দ

- তা মা তো দুদিনের জন্য বাইরে গেছেদ।,উত্তর দিল তনয়।

-ও,আমি এখন পুরো সুস্থ হয়ে গেছি। তাই কাজে এসেছিলাম বৌদি যখন নেই,তখন আমি দুদিন পর থেকে আসছিদ।-বলে তিনি চলে যাবার উদ্যোগ নিলেন।

-তা দাড়াও। ভেতরে এসদ।,বলে তাকে বাড়ির ভেতরে ঢুকতে বলল তনয়।

তিনি ভেতরে ঢুকতেই পুরো পরিস্থিতি বুঝিয়ে বলল তনয়। সে তার জন্য কিছু খাবারও বানিয়ে দিতে অনুরোধ করলো তাকে। সব শুনে রান্নার মাসি তাকে সোফায় বসতে বলে রান্না ঘরে চলে গেল এবং ঘণ্টা-দেড়েকের মধ্যেই তার জন্য ভাত,ডাল,আলু ভাজা,আর অমলেট বানিয়ে আনলো।

তারপর তনয় যখন খেতে বসলো তখন তিনি সব ঘর ঝাড় দিয়েদিলেন এবং তনয়ের খাবার হয়ে যাবার পর রান্নার বাসন মেজে আর রান্নাঘর মুছে দিয়ে গেলেন। যাবার সময় বলে গেলেন,

-রাতের জন্য সব রান্না করা থাকলো। তুমি একটু গরম করে খেয়ে নিয়োদ।

তিনি যেতেই তনয় বিছানায় এসে শুলো। শুয়ে সে চিন্তা করতে লাগলো ,

-কাল এই মানুষটিকে নিয়ে কত কটু কথা বলেছি আর আজ এই মানুষটি না থাকলে বোধহয় না খেয়েই থাকতে হতো।সত্যি সময়ই সবকিছুর মুল্য শিখিয়ে দেয়দ।

সে তার মায়ের সাথে করা খারাপ আচরণের কথাও চিন্তা করে। আর আজ এতদিন পর তার মায়ের জন্য মনটা কেমন করে ওঠে।এমনভাবে একসময় ঘুমিয়ে পরে তনয়।

ঘুম ভাঙ্গে অনেক রাতে,বাড়ির বাইরে গাড়ির আওয়াজে। সে ঘড়ির দিকে তাকিয়ে দেখে রাত দুটো বাজে। কিছুক্ষণ পর দরজা খোলার আওয়াজ কানে আসে তার। সেই আওয়াজ শুনে বাইরে সে গিয়ে দেখতে পায় সুমিত্রা দেবী একটি সুটকেস নিয়ে ভেতরে ঢুকছেন। তনয় তাকে দেখতে পেয়েই দৌড়ে গিয়ে উনাকে জড়িয়ে ধরে এবং বলে ওঠে,

-মা আমি সব কিছুর মূল্য বুঝতে শিখেছি আর আমি এখন থেকে সবাইকে তার যথার্থ মূল্য দেবো।ত

সুমিত্রা দেবী ছেলের এই পরিবর্তনের কারণ বুঝতে পারেন না।তিনি শুধু তার মাথায় হাত বুলিয়ে দিতে থাকেন।

সেই তো 'পুরুষ'

-ঋত্তিকা সাহা
ভূগোল বিভাগ,পঞ্চম সেমিস্টার
ক্রমিক নং -21GE0021

শৈশব হইতে ঘুড়িয়ে নেয় মুখ
বছর ৮-৯ হলেই ,
কষ্ট না করলে পায় না সুখ
একমাত্র 'ছেলে' বলেই ।।
স্বপ্ন তার যেমনই হোক
কবি, লেখক বা গায়ক,
তবুও হতেই হবে তাকে
সংসারের পরিচালক ।।
'পুরুষ' হল সেই,
চিরকাল যার হৃদয় জুড়ে
কান্না ভেঙে আসে,
তবু বুক ফাটে, মুখ ফোটে না
নিজেরে লুকায় সে ।।
কষ্ট, আঘাত, দুঃখে জড়িয়ে
রাখে নিজেকে,
কষ্ট, আঘাত, দুঃখ হইতে
দূরে রাখে সকলকে ।।
সেই তো 'পুরুষ',
যে অধিক সময় ব্যয় করে
পরিবারের সুখে,
সেই অধিক সময় আয় করে
নিজস্ব দুখে ।।

আংটি

-প্রিয়ব্রত দেবনাথ
প্রাক্তন ছাত্র, রসায়ন বিভাগ
ক্রমিক নং-18CH0007

গাড়িটি এসে থামল সুমনের বাড়ির দরজায়। গাড়ির ভেতর থেকেই চারপাশটা বোঝার চেষ্টা করল রজত। সুমনের বাড়িটা শহরের একটা নির্জন গলির কয়েকটা পরিত্যক্ত বাড়ির মাঝখানে। বাড়িতে সুমন একা থাকে। বাচ্চা মেয়েটা ক্যান্সারে মারা গেছে। স্ত্রী-কে ডিভোর্স দিয়েছে। কয়েকদিন যাবৎ কাজের মেয়েটাও আসছে না। অতএব ময়দান ফাঁকা। চুপচাপ গাড়ি থেকে নামল রজত। বাড়ির চারপাশটা আরেকবার দেখে নিয়ে কলিং বেলের সুইচটাতে চাপ দিল। কয়েক সেকেন্ডের মধ্যে দরজা খুলে গেল। দরজায় দাঁড়িয়েই কিছুক্ষণ কথাবার্তা চলল।

সুমন বলল - কি-রে ব্যাপার কি তোর ? হঠাৎ করে।

- হ্যাঁ হঠাৎ করেই এলাম।

- কিছু দরকার ?

- সবসময় দরকারেই মানুষ আসে ?

- আয় ভেতরে আয়।

দুজনে ভেতরে এল। ঘরের সোফার একদিকে রজত বসলো। সুমন ফোনটা সেন্টার টেবিলের উপর রেখে রজতের দিকে তাকিয়ে বলল, 'বোস, একটু চা করে আনি'। রজত কিছু বলার আগেই সুমন চা করতে চলে গেল। ঘরে চুপচাপ বসে আছে রজত। কোনো প্ল্যানিং আসছে না মাথায়। মাথায় হাত দিয়ে একটু ভাবতে চেষ্টা করল। হঠাৎ-ই চোখের সামনে আংটিটা ভেসে উঠল। এই তো সেই আংটি। উজ্জ্বল রক্তপ্রবাল আর তার চারপাশ আরও উজ্জ্বল কোন এক অজানা ধাতু দিয়ে তৈরী। হীরের চেয়েও কয়েকগুন বেশি আলো বিকিরিত করছে। চারপাশটা যেন আলোয় ভরে উঠেছে। সেই আলোয় ঘোর লাগে। এমন এক আংটি যা একবার দেখলে চোখ সরতে চায় না। মাস দুয়েক আগে এক পিকনিক-এ গিয়ে প্রথমবার আংটিটা বন্ধু সুমনের আঙুলে দেখেছিল রজত। আংটিটার ইতিহাস-বৃত্তান্ত শোনার কোনও ইচ্ছে জাগেনি রজতের। শুধু জেগেছিল অদ্ভুত এক আকর্ষণ। তাই প্রথমবার দেখেই কোনোরকম ইতস্তত না করে সরাসরি আংটি-টা চেয়ে বসেছিল সুমনের কাছে। সুমন সরাসরিই না বলেছিল। রজতের রাগ চেপে গিয়েছিল। ওই আংটি তার চাই। প্রতিসপ্তাহেই ফোন করত সুমনকে আর ওই আংটি-টা প্রার্থনা করত আর প্রতিবারই সুমন তা প্রত্যাখ্যান করত। তবু হাল ছাড়েনি রজত। ক্রমে আকর্ষণ পরিনণ হল লোভে। ওই আংটি ছাড়া একএকটা দিন দুর্বিষহ হয়ে উঠতে লাগল। রজত ঠিক করল যে করেই হোক ওই আংটি তাকে পেতেই হবে। তাই আজ সকাল সকাল গাড়ি নিয়ে বেরিয়ে পড়লো সুমনের বাড়ি। শেষবারের মত চাইবে। যদি দিতে না চায় খুন করবে।

ঘোর ভাঙল রজতের। দেখল সুমন আংটিটা ধরে আছে রজতের মুখের দিকে বাড়িয়ে। সুমনের চোখ রজতের লোভী চোখ-দুটোর দিকে আটকে আছে। রজত চোখ সরিয়ে নিল। সুমন মুখোমুখি সোফাটার উপর এসে বসল। তারপর একটু হাসল।

- আংটিটার উপর বড় লোভ তোর। কিন্তু জেনে রাখ ওটা তুই পাবি না।

রজত কি বলবে বুঝতে পারল না। তার চোখ এখন নীচের দিকে। সুমন আংটিটা আঙুলে গলিয়ে পিছন থেকে কি একটা বের করে হাত-দুটো সামনের দিকে উচিয়ে ধরল। মাথা তুলল রজত। সুমন রিভলবারের মাথা তাক করে ধরে আছে রজতের দিকে। মুহূর্তেই ব্যাপারটা এতদূর গড়াবে বোঝেনি রজত। ভয়ে চিৎকার করে উঠল।

- সুমন শান্ত হ। আমি শুধু ওটা.....

- চুপ কর। একটা কথাও বলবি না। লোভী একটা।

অবস্থাটা হাতের বাইরে চলে আসছে রজতের। রিভলবার তার কাছেও আছে কিন্তু সেটা পকেটের ভিতর। সুমনের ডান হাতের আঙুল ট্রিগার টানতে শুরু করেছে। রজতের হাতটা সেন্টার টেবিলের উপর রাখা কাঁচের মূর্তির

উপর এসে পড়ল। আর এক মুহূর্ত নষ্ট নয়। কাঁচের মূর্তিটা তৎক্ষণাৎ তুলে গায়ের জোরে সটান মারল সুমনের মাথা লক্ষ্য করে। একটা চিৎকার। তারপর সব চুপ।

মাথা ঝারা দিল রজত। সামনেটা পরিষ্কার দেখা যাচ্ছে। ওপাশের সোফায় মুখ থুবড়ে পড়ে আছে সুমনের দেহটা। সোফার একটা পাশ রক্তে ভেসে যাচ্ছে। বাম হাতটা দেহের নীচে। ডান হাতটা রিভলবার টাকে সঙ্গে করে সোফা থেকে ঝুলছে। নীচে কাঁচের মূর্তিটা দু-টুকরো হয়ে পড়ে আছে। আস্তে আস্তে ও-পাশের সোফায় গিয়ে সুমনের দেহটার পাশে বসল রজত। তারপর এলোপাথারি সুমনের দেহটাকে নাড়াতে লাগল। কয়েকবার ডাকাডাকি করে কোনো আওয়াজ পেল না। আরেকটু কাছে এসে দেহটাকে উপুর করল। মাথার ক্ষত থেকে রক্ত চুঁইয়ে পড়ছে। শ্বাস-প্রশ্বাস আর হৃদস্পন্দন-টা বোঝার চেষ্টা করল। কোনোটাই চলছে না। কিছুক্ষণ গালে হাত দিয়ে কিছু একটা ভাবার চেষ্টা করলো রজত। তারপর সুমনের ডান হাতটা ধরে রিভলবার টা বের করল এবং হাতের আঙুল থেকে আংটি-টা খুলে নিল। খুব ভাল করে নীরিক্ষন করল। মনটা আনন্দে নেচে উঠল রজতের। আংটি-টা নিয়ে বেরোতে যাবে এমন সময় ফোনের রিংটোন বেজে উঠল। আওয়াজ আসছে সুমনের শার্টের পকেট থেকে। পকেটে হাত ঢুকিয়ে ফোনটা বের করে আনল। সাথে বেরিয়ে আসলো একটা ভাঁজ করা কাগজ। ফোন আসছে একটা অজানা নম্বর থেকে। রজত সেদিকে নজর না দিয়ে কাগজের ভাঁজ খুলে সেটায় মনোনিবেশ করল। পেনের একটা বড় লেখা।

আমি সুমন সরকার। ঠিকানা হরিশঙ্কর রোড, উল্টোডাঙ্গা, কলকাতা। এটা আমার স্বীকারোক্তি। এখানে আমি যা বলছি তার আগাগোড়া সজ্ঞানে আমি আমার নিজের হাতে লিখছি। তদন্তের স্বার্থে এই স্বীকারোক্তি কাজে লাগবে। তাই লিখছি। আজ থেকে এক বছর আগে ১৮.০৪.২২ তারিখে অফিস শেষে বাড়ি ফিরছিলাম। রাস্তায় খুব তেষ্টা পাওয়ায় বাইকটা একটা সাইডে থামিয়ে বোতল থেকে মুখে জল ঢালতে যাব এমন সময় নজর গেল রাস্তার উল্টো পাশের একটা দোকানের দিকে। দোকানটা অনেক পুরোনো এবং নোংরা। এগিয়ে গোলাম দোকানটার দিকে । দোকানটা যে ঠিক কীসের বুঝলাম না। দোকানটার ভেতরের দিকে অনেকগুলো নোংরা গামছা ঝুলছে। সামনেটাতে কতকগুলো ধুলো পড়ে যাওয়া কাঁচের বাক্স সারিবদ্ধভাবে সাজানো। সেগুলোর ভেতর অজানা দেব-দেবীর মূর্তি রাখা। একটা মূর্তির আঙুলে এক অদ্ভূত আংটি। কি উজ্জ্বল সেই আংটি-র আভা। আংটি টা একবার দেখলেই যেন নেশা লেগে যায়। আমার অবচেতন মন এই নতুন নেশার স্বাদ পেতে মরিয়া হয়ে উঠলো। মনে হল এমন আংটি শুধু আমার কাছেই থাকবে। হঠাৎ কেউ একজন প্রশ্ন করল ,'কী চাই ?'

নেশার ঘোর কাটলো আমার। দোকানদারকে যেন এতক্ষণ দেখতেই পাইনি। আমার দিকে তাকিয়ে আছে। মূর্তিটার কত দাম জিজ্ঞেস করলাম। কিন্তু দোকানদার বলে এই মূর্তি সে বেচবে না। অনেকবার জোরা-জুরির পরেও কিছুতেই সেই মূর্তি বেচতে দোকানদার রাজি হয় না। আমার মাথা গরম হয়ে উঠলো। কারোর পরোয়া না করে মূর্তিটা বের করলাম। দোকানদার হতচকিত হয়ে চিৎকার করতে শুরু করেছে। আমি কোনো দিকে না তাকিয়ে মূর্তিটাকে নিয়ে রাস্তা পার হয়ে বাইকটা স্টার্ট দিলাম। দোকানদারের গালিগালাজ আমার কানে তখন আসছে না।

বাড়ি এসে মূর্তিটা থেকে আংটি-টা খুলে ফেললাম। ও মূর্তি নিয়ে আমার কাজ নেই। ওটা পড়ে রইলো সোফার কাছটায়। তারপর আংটি নিয়ে আমার দিন কাটতে লাগলো। এমন নয় যে আমি সারাদিন ওটা নিয়েই থাকতাম। অফিসে যেতাম। সময়মত বাকি সব কাজ-ই করতাম। শুধু বাড়িতে স্ত্রী-মেয়ের জন্য আমার কোনও সময় ছিল না। সেই সময়টা কাটত আংটি-র নেশায় বুঁদ হয়ে। দরজা বন্ধ করে একদৃষ্টে চেয়ে থাকতাম আংটির দিকে। তারপর কখন ঘণ্টার পর ঘণ্টা কেটে যেত বুঝতাম না। কখনো রাতের পর রাত না ঘুমিয়ে কাটত। বুঝতে পারতাম আমার জীবনে আমূল পরিবর্তন আসছে। কিন্তু সেই পরিবর্তনের কারণ আমার নিয়ন্ত্রণের বাইরে চলে গিয়েছিল। স্ত্রী-মেয়ে-এর আমার প্রতি বিরক্তি ক্রমেই বাড়তে লাগলো। আমি পাত্তা দিতাম না। ওসব ফালতু বিষয় নিয়ে মাথা ঘামানোর মতো সময় তখন আমার ছিল না। সকালে অফিস যেতাম তারপর ফিরে এসে বাকি সময় কাটত ওই আংটি নিয়ে। ব্যাপারটা এমন জায়গায় পৌঁছোল ওই নির্দিষ্ট সময়ে আংটি না দেখতে পেলে পাগল পাগল লাগত। একদিন অফিস থেকে ফিরে সবে আংটিটা নিয়ে বসেছি মেয়ে এসে হাত থেকে সেটা কেড়ে নিয়ে বলছে ,'বাবা ঘুরতে নিয়ে চলো'। নেশামিশ্রিত রাগ তখন আমার সারা শরীরে আগুনের মতো জ্বলছে। দিগ্বিদিক জ্ঞান শুন্য হয়ে মারলাম সজোরে মেয়ের গালে। মেয়েটা পরে গেলো। আর উঠল না। মেয়েটাকে মেরে ফেললাম যে মেয়েটার কয়েকদিন আগে ব্রেন ক্যান্সার ধরা পড়েছিলো। সেদিন বাড়িতে কেউ ছিল না তাই ব্যাপারটা চালিয়ে দিতে সুবিধা হয়েছিল

ইমার্জেন্সি বলে। স্ত্রী বোধহয় সন্দেহ করেছিল তাই তারপর থেকে আমার কাছে খুব একটা আসতো না। এরপর এমন দিন আসল স্ত্রী বাপের বাড়ি চলে গেল । ডিভোর্স-এর নোটিশ পাঠাল। দিনের পর দিন অফিস না গিয়ে আমার চাকরিটাও চলে গেল। সব শেষ। তবুও নেশার ঘোর আমার কাটল না। আমি তখনও একভাবে সেই আংটি নিয়ে দিন কাটাচ্ছি। বাকি জীবনের উপর কোনো মোহ অবশিষ্ট ছিল না আর। আমার জীবন তো শেষ হয়েই গেছে। তা নিয়ে আর কোনো ভাবনাও আমার নেই। কিন্তু সম্প্রতি আমার এক বন্ধুর নজর পড়েছে এই আংটির দিকে। প্রায় প্রতি সপ্তাহেই কল আসে ওর। আমি প্রতিবারই না করে দিয়েছি। আংটির প্রতি আকর্ষন ক্রমেই বাড়ছে ওর। আমার নেশা দিন দিন কমে আসছে আংটির উপর। বুঝতে পারছি আমার নেশা ওর মধ্যে সঞ্চারিত হচ্ছে। আংটি নতুন শিকার খুঁজছে। আমি জানি এটা পেলে ওর অবস্থাও আমার মতই হবে। ওরও জীবনটা নষ্ট হয়ে যাবে। তাই কোনো মতেই এটা ওর হাতে পড়তে দেওয়া যাবে না। ওকে সাবধান করবো। দরকার হলে খুনের ভয় দেখাব। তারপর এই আংটি ফিরিয়ে দিয়ে আসব সেই দোকানে।

সুমন সরকার
১৭.০৬.২৩

ধপ করে সোফার উপর বসে পড়ল রজত। চোখ থেকে জল ঝরে পড়লো। গালে হাত দিয়ে অনেকক্ষণ আংটিটার দিকে দেখল। তারপর নীচে থেকে মূর্তির একটা ভাঙা টুকরো তুলে কয়েক-ঘা মারলো আংটিটায়। আংটিটা থেকে এখন প্রবালটা আলাদা হয়ে গেছে। রজতের নজর ওই আংটির উপর তো নয়। আংটি-র মধ্যে থাকা ওই প্রবালটার উপর। প্রবালটা হাতে নিয়ে একদৃষ্টে চেয়ে রইল। মুখে ফুটে উঠলো একটা হাসির রেশ।

আমি অসহায়

-দেবিকা উরাও
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, তৃতীয় সেমিস্টার
ক্রমিক -22PS0004

জানেন সামনে পঞ্চায়েতের ভোট, আমার এখন কত গুরুত্ব বাড়বে। সারা রাজ্য জুড়ে আমারই চর্চা হবে। আমাকে এতদিন যে জড় বস্তু ভেবে ফেলে রাখা হতো, সবাই আমার গুরুত্ব বুঝবে এবার । আমি জলপাই রঙের । না না আমাকে ভুল ভাবছো জলপাই রং বলে আমি তৃণমূলের প্রতীক নই, নই আমি বিজেপি, নই আমি কংগ্রেস, নই আমি কোন বিরোধী দলের প্রতিদ্বন্দ্বী। আমি তো সেই গণতন্ত্রের প্রতীকী যেখানে সযত্নে রক্ষিত থাকে আমজনতার একান্তই নিজের গোপন মতামত। সংবাদপত্রের সূত্রে জানতে পারি আমার জন্ম নাকি ইংল্যান্ড ! আচ্ছা চিনতে পারলে কি আমাকে?

কিন্তু একি যেদিন আমি সবচেয়ে গৌরবের বিষয় হবো মনে করছিলাম সেদিনই আমাকে সবচেয়ে অসহায় মনে হচ্ছে । আমার সম্মান তো দূরের কথা আমার মানটুকু রাখা হচ্ছে না । আমি বড়ই অসহায় জানো কেউ আমাকে লাথি মারছে, কেউ আমাকে আগুনে পুড়াচ্ছে, কেউবা জলে ডুবোচ্ছে, জানো কতই না অসহায় বোধ করছি আমি। এক কিশোর, পরণে যার সস্তার টি-শার্ট আর হাফ প্যান্ট, আমাকে কোলে নিয়ে পোঁ-পোঁ দৌড়, কে জানে কোন তেপান্তরের উদ্দেশ্যে !

আমি তো জানতাম গ্রামে সহজ সরল মানুষ থাকে। তারা আমার মর্ম ভালোভাবেই বুঝবে। আমার হাতে যেহেতু নিজের সর্বোচ্চ নাগরিকত্বের অধিকার তুলে দিচ্ছে, আমিও তার মান রাখবো। কিন্তু আমি নিজে অসহায়। আমি তাদের অধিকার রক্ষা করতে পারলাম না, পারলাম না সেই শতাধিক সাধারণ মানুষের ইচ্ছাকে

জীবনের একমাস

-ইন্দ্রজিৎ বর্মণ
বাংলা বিভাগ, পঞ্চম সেমিস্টার
ক্রমিক নং -21BN0064

১৯৯০সালের ঘটনা।

কানাডার একটি ছোট গ্রাম বিটেন লেকে রাত ১টার পর অনেকে একজন ভয়ংকর চেহারার ব্যাক্তিকে দেখতে পায় ।প্রায় দিন কেউ না কেউ সেই ব্যাক্তিকে দেখতে পেয়ে পরদিন সকালে এসে এলাকাবাসীদের বলে ,যার ফলে এলাকাবাসীর মনে দিন দিন সেই ব্যাক্তিকে নিয়ে ভয় বেড়ে যায়।

জর্জ নামে এক ব্যাক্তি রাতে বাড়ি ফেরার পথে যখন সেই ভয়ঙ্কর চেহারার ব্যাক্তিকে দেখতে পায় ,তার পরদিন সকালে জর্জ জ্বরে কুপকাত হয়ে পড়ে ।জর্জের স্ত্রী এলিনা ছিলেন একজন ধার্মিক নারী ।

স্বামীর ও এলাকাবাসীর কথা শুনে এলিনার সন্ধেহ ছিল তাদের এলাকায় রাতে কোনো ভুত কিংবা দৈত্য ঘোরাফেরা করে।

তাই এলাকার সবচেয়ে বড়ো গির্জার প্রসিদ্ধ পাদ্রী ফাদার জোসেফকে এলিনা এসকল কথা জানায় ।এলিনার কথা শুনে ফাদার জোসেফ সেই অজ্ঞাত ব্যাক্তির সন্ধানে রাত ১টার দিকে এলাকাবাসী সহ তাকে খুঁজতে বেরিয়ে পড়েন।

ঠিক ১০ মিনিট খোঁজার পর সেই ব্যাক্তিকে এলিনা দেখতে পায় ।এলাকাবাসীরা প্রথমে ভয় পেলেও ফাদার জোসেফ থাকায় সেই ভয়কে জয় করে সেই অজ্ঞাত ব্যাক্তির ওপর মশাল ছুঁড়ে মারে ।এলাকাবাসী ভাবে শেষমেশ বিটেন লেক দৈত্য মুক্ত হলো।

কিন্তু পরদিন সকালে যেই স্থানে সেই দৈত্যকে পুড়িয়ে মারা হয় সেই স্থানে প্রচুর ভিড় দেখা দেয় ।

দৈত্যর দেহের সামনে দুইজন বৃদ্ধ দম্পতি কাদঁছিলেন।

শেষে ঘটনাটি পুলিশের কাছে পৌঁছায় ।সেই সূত্র ধরে জানা গিয়েছিল ,আসলে সেই ব্যক্তি কোনো দৈত্য কিংবা প্রেতাত্মা ছিল না ,তার নাম রে রবিনসন ।

ছয় বছর বয়সে রে রবিনসন মাঠে খেলতে খেলতে একটা গাছের ডালে একটা পাখিকে আটকে থাকা অবস্থায় দেখতে পেয়ে শিশু হৃদয় ,সেই পাখিটিকে মুক্ত করতে যায়। এমন সময় গাছের পাশে একটা ইলেকট্রিক কেবল কে সে ভুল করে হাত দিয়ে বসে যার ফলে রে রবিন এর পুরো মুখ ইলেকট্রিক শর্ট এর কারণে ঝলসে যায় এবং তার মুখের টিসু গুলো ফুলে যায় ।পরদিন রে স্কুলে গেলে তার সহপাঠক বন্ধু বান্ধব তাকে দেখে ভয় পেয়ে যায় ,কেউ কেউ তার ওপর পাথর ছুঁড়ে মারে ।

কিছুদিন পর রে স্কুলে যাওয়া বন্ধ করে দেয় ।কোনো পার্টি কিংবা অনুষ্ঠানে রে কে দেখলে সবাই ঘেন্না,ভয় ও খিল্লি করত।এমনকি একদিন রে এর মা রে কে দেখে ভয় পেয়ে যায় ।সেই থেকে অভিমানে সে তার চেহারা তার মা ,বাবাকে দেখানো বন্ধ করে দেয় ।রে তারপর থেকে বেসমেন্টের একটা অন্ধকার রুমে জীবন কাটায়।তার মন বাইরে যাবার জন্য ছটপট করত,কিন্তু সে জানে মানুষেঢ় চোখে সে কতটা ঘেন্নার ।

